**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী**

আদেশ নং ২২৭২৫/জি,

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ / ০৫ মার্চ ২০২৫

আপনি জনাব মোঃ জয়দুল ইসলাম, নাজির, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহীকে জানানো যাইতেছে যে, গতকাল ০৪/৩/২০২৫ ইং তারিখ নিম্নস্বাক্ষরকারী অসুস্থ্যতাজনিত কারণে নৈমিত্তিক ছুটি নিয়া বাংলোয় অবস্থানকালে এই আদালতের নায়েব নাজির জনাব বিশ্বজিৎ কুমার ঘোষকে ঢাকার একটি নির্মান প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনৈক তৌফিকুল ইসলামের কার্ডসহ বাংলোয় পাঠাইয়া তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন ও বিচার বিভাগের মাননীয় সচিবের বন্ধু পরিচয় দিয়া মাননীয় সচিব তাহাকে আমার সহিত সাক্ষাতের অনুমতি দিয়াছেন মর্মে জানাইয়া আপনি তাহাকে নিয়া গাড়ীযোগে বাংলোর দিকে রাওনা হন। বিষয়টি সম্পূর্ণ মিথ্যা ও বেআইনী হওয়ায় আমি তাহাকে সহ আপনাকে আমার বাংলোয় প্রবেশ না করিতে দিবার জন্য দায়িত্বরত পুলিশ সদস্যগণকে নির্দেশ প্রদান করি। আপনি প্রথমত: মিথ্যা তথ্য সরবরাহ করিয়া বিশেষ কোন অনৈতিক সুবিধা হাসিল করা বা আমার জন্য ক্ষতিকর হইতে পারে এমন কোন কার্য সংঘটনের হীন উদ্দেশ্যে উক্ত ব্যক্তিকে নিয়া বাংলোয় প্রবেশের চেষ্টা করেন। তদুপরি আপনি উক্ত ব্যক্তিকে নিয়া আমার বাংলোয় প্রবেশ করিলে তাহা আমার ব্যক্তিগত নিরাপত্তার জন্য হুমকি হিসাবে দেখা দিত। তাহা ছাড়া ও উক্ত অপরিচিত ব্যক্তি আমার ও আমার পরিবারের সমূহ ক্ষতি সাধন ও করিতে পারিতেন। আপনার উক্তরূপ কার্যকলাপ ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (খ) বিধির অপরাধ বলিয়া গণ্য হয়।

আপনার উক্ত বেআইনী ও বিধি বহির্ভূত কলাপের জন্য কেন আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে না তাহার কারণ আপনি এই নোটিশ প্রাপ্তির সাত কার্য দিবস মধ্যে দর্শাইবেন।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

০৫/৩/২০২৫
(গোলক চন্দ্র বিশ্বাস),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ৮১ /২৫-(২)-জি,

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩১ / ০৫ মার্চ ২০২৫

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হইল:
১। জনাব মোঃ জয়দুল ইসলাম, নাজির, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী ও
২। অফিস কপি।

০৫/৩/২০২৫
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।